



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃংখলা ও আপিল বিভাগ
www.pallisanchaybank.gov.bd



স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(১৩১)/২০২০-২১/৪১১১

তারিখঃ ০৭-০৪-২০২১খ্রি.


কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ হিরণ মিয়া (এম-১০৩২), অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ি শাখা, মৌলভীবাজার, ইতোপূর্বে দক্ষিণ সুরমা শাখা, সিলেটে শাখা ব্যবস্থাপকের দায়িত্ব পালনকালে আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতির দায়ে শৃংখলাজনিত বিভাগীয় মামলা নং ৩৯/২০২০-২১ রুজুপূর্বক ২০/১২/২০২০ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(১৩১)/২০২০-২১/২৪১৭ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিলো। আপনি অভিযোগনামার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধি মোতাবেক তদন্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ হিরণ মিয়া, আপনাকে এবারের মত ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করিয়া আনীত অভিযোগ হইতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

০৪। সেহেতু, গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ হিরণ মিয়া, আপনাকে এবারের মত ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করিয়া আনীত অভিযোগ হইতে অব্যাহতির আদেশ দেওয়া হইল। সেইসাথে ভবিষ্যতে এরূপ কোন অনিয়মের অভিযোগ উত্থাপিত হইলে কঠোরভাবে দেখা হইবে মর্মে আদেশ দেওয়া হইল।


(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)
পল্লী সঞ্চয় ব্যাংক

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(১৩১)/২০২০-২১/৪১১১(৬)

তারিখঃ ০৭-০৪-২০২১খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

০১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।

০২। প্রকল্প পরিচালক (অতিঃ সচিব) মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প।


০৩। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ি/দক্ষিণ সুরমা উপজেলা, মৌলভীবাজার/সিলেট।

০৪। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ মৌলভীবাজার/সিলেট। ব্যাংকের ওয়েবসাইট থেকে পত্রটি ডাউনলোড করিয়া জনাব মোঃ হিরণ মিয়া, অফিসার (সাধারণ) এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

০৫। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ি শাখা, মৌলভীবাজার।

০৬। জনাব মোঃ হিরণ মিয়া (এম-১০৩২), অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, জুড়ি শাখা, মৌলভীবাজার।

০৭। নথি/ব্যক্তিগত নথি/মহানথি।


(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক